Times Today BD

জেলা প্রতিনিধি | সিলেট | 17 May, 2025

চায়ের দাম বাড়লে তখন রেশিও অনুযায়ী শ্রমিকদেরও মজুরি বাড়বে বলে জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান এবং নৌপরিবহন উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এম সাখাওয়াত হোসেন।

শনিবার (১৭ মে) দুপুরে মৌলভীবাজারে শ্রীমঙ্গল শ্রমদপ্তর হলরুমে এক সভায় এ কথা জানান তিনি।

এসময় চা শ্রমিকরা তাদের মজুরি, চিকিৎসা, বিশুদ্ধ পানি ও স্যানিটেশন সমস্যার কথা তুলে ধরেন।

তখন উপদেষ্টা জানান, নিলামে চায়ের মূল্যবৃদ্ধির জন্য চা বোর্ডের সঙ্গে কথা বলে চেষ্টা করবেন।

তিনি বলেন, যখন চায়ের মূল্যবৃদ্ধি পাবে, তখন রেশিও অনুযায়ী চা শ্রমিকদের মজুরি বৃদ্ধি পাবে।

সভায় সভাপতিত্ব করেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব এ এইচ এম সফিকুজ্জামান।

এসময় উপস্থিত ছিলেন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মহাপরিচালক মো. আবদুছ সামাদ আল আজাদ, জেলা প্রশাসক মো. ইসরাইল হোসেন, পুলিশ সুপার এমকেএইচ জাহাঙ্গীর হোসেন, শ্রমদপ্তরের উপপরিচালক মহব্বত হোসেনসহ অন্যরা।

শ্রমিক উপদেষ্টা চা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 22:28

URL: https://www.timestodaybd.com/public/sylhet/2601860117